অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পুলিশ বেসিক স্কুল অক্সিলারি একাডেমির জন্য সাইট ঘোষণা করলেন

ক্যাজেনোভিয়া কলেজের নতুন একাডেমি স্টেট পুলিশকে একাডেমি ক্লাসের সংখ্যা বৃদ্ধি করতে দিয়ে র‍্যাঙ্কের সংখ্যা বিকাশ করতে দিবে

নিউ ইয়র্ক স্টেটের জননিরাপত্তা জোরদার করার জন্য গভর্নর হোকলের পরিকল্পনার অংশ

একাডেমি 2023 সালের অক্টোবর মাসে প্রথম ক্লাস আয়োজন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের নতুন স্টেট পুলিশ অক্সিলারি একাডেমির জন্য লীজ নিতে তারা ক্যাজেনোভিয়া কলেজকে (Cazenovia College) নির্বাচিত করেছে। অতিরিক্ত অক্সিলারি একাডেমি হলো নজিরবিহীন সংখ্যক বেসিক স্কুল (Basic School) ক্লাসের অর্থায়ন করতে গভর্নরের পরিকল্পনার অংশ, যা এর পূর্বে এই বছর ঘোষণা করা হয়েছে। গভর্নর হোকল অর্থবছর 2024 এর প্রণীত বাজেটে দুইটি অতিরিক্ত স্টেট পুলিশ ক্লাসের জন্য 66 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নিশ্চিত করেছেন।

"ক্যাজেনোভিয়া কলেজে অতিরিক্ত এই অক্সিলারি একাডেমি দিয়ে আমরা এটি নিশ্চিত করতে সাহায্য করতে পারবো যে অত্যন্ত প্রশিক্ষিত নারী ও পুরুষ দিয়ে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) পূর্ণ আছে যারা নিউ ইয়র্কবাসীকে নিরাপদে রাখতে পারবে, এটি আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "এছাড়াও এই সম্প্রসারণ আরো প্রার্থীদের জন্য সুযোগ তৈরি করবে যা বৈচিত্র্য এবং নিজেদের র‍্যাঙ্কের বিকাশ করার জন্য স্টেট পুলিশের যে মিশন রয়েছে তার সমর্থন করবে। অক্টোবরে একাডেমির প্রথম ক্লাসকে স্বাগত জানানোর জন্য আমরা উৎসুক যেখানে তারা আমাদের সম্প্রদায়কে সেবাদান করার জন্য প্রস্তুত হবে।"

এই নজিরবিহীন সম্প্রসারণ ফোর্সের পুনর্গঠনকে ত্বরান্বিত করবে এবং নিউ ইয়র্ক স্টেটের মানুষকে সুরক্ষা ও সেবাদান করার জন্য নিবেদিত ট্রুপারের সংখ্যা বৃদ্ধি করবে। উদ্যোগটি স্টেট পুলিশকে স্টেটজুড়ে তাদের সম্প্রদায় স্থিতিশীলকরণ ইউনিটের (Community Stabilization Units) সংখ্যা 16 থেকে 25 এ বৃদ্ধি করতে দিবে। এছাড়াও এটি জিলগো বীচ হোমিসাইড টাস্কফোর্স (Gilgo Beach Homicide Task Force), একটি বহু এজেন্সির তদন্ত ইউনিট যাদের

কাজের ফলে এর পূর্বে লং আইল্যান্ডে অমীমাংসিত খুনের সিরিজের একজন সন্দেহভাজন গত সপ্তাহে গ্রেফতার হয়েছে, সেটির মতো স্থানীয় ও ফেডারেল টাস্ক ফোর্স ট্রুপার অংশগ্রহণকে বলীয়ান করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের অন্তর্বর্তীকালীন সুপারিন্টেনডেন্ট স্টিভেন নিগ্রেলি বলেন, "আমাদের র‍্যাঙ্ক বিকাশ এবং নিউ ইয়র্ক স্টেটের মানুষকে সুরক্ষাদানের জন্য সম্ভাব্য সর্বাধিক যোগ্য প্রার্থীদের প্রশিক্ষিত করার আমাদের প্রয়াসের জন্য এই অক্সিলারি একাডেমিটি অত্যাবশ্যকীয়। গত সাত মাস ধরে আমরা পুরো স্টেটে ভ্রমণ করেছি, এবং একাধিক অবস্থান ঘুরে দেখেছি, এবং আমরা মনে করি যে ক্যাজেনোভিয়া কলেজের ক্যাম্পাসটি নিউ ইয়র্কের মধ্যে একটি কেন্দ্রীয় অবস্থান প্রদান করে এবং বেসিক স্কুল প্রশিক্ষণের জন্য আমাদের প্রয়োজন মেটাতে সবথেকে উপযুক্ত হবে। গভর্নর হোকলের অব্যাহত সমর্থন এবং এই ধরনের উদ্যোগে নজিরবিহীন বিনিয়োগ যা আমাদের জননিরাপত্তা প্রয়াসকে বলীয়ান করবে, তাই আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য আলবার্ট এ. স্ট্রাইপ জুনিয়র বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুলিশের প্রশিক্ষণের জন্য সুযোগ বৃদ্ধি করার ব্যাপারে গভর্নর হোকল তার প্রতিশ্রুতি পূরণ করছেন। ক্যাজেনোভিয়া কলেজের এই দারুণ নির্বাচন পুলিশ একাডেমি এবং ক্যাজেনোভিয়া সম্প্রদায় উভয়ের জন্য বিজয়। ক্যাম্পাস ফ্যাসিলিটি অক্সিলারি স্টেট পুলিশ একাডেমি ক্লাসের সম্প্রসারণের চাহিদার সাথে মানানসই এবং একাডেমি গ্রাম, টাউন ও অঞ্চলের জন্য অর্থনৈতিক কর্মকাণ্ড ও সুযোগ প্রদান করে।"

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুলিশ যে তাদের নতুন অক্সিলারি একাডেমির জন্য ক্যাজেনোভিয়া কলেজ লীজ গ্রহণ করবে তা নিয়ে আমি খুশি। চুক্তিটি ক্যাজেনোভিয়া সম্প্রদায়ের জন্য লাভজনক হবে এবং স্টেট পুলিশের জন্য আরো সদস্য নিয়োগের অতিরিক্ত ধারণক্ষমতা ও সংস্থান প্রদান করবে।"

ক্যাজেনোভিয়া কলেজের লীজ নেওয়া স্থানটি 275 জন রিক্রুট এবং 115 জন ইন্সট্রাক্টরকে ধারণ করতে পারবে। আগ্নেয়াস্ত্র প্রশিক্ষণ এবং জরুরি যানবাহন পরিচালনা কোর্সগুলি (Emergency Vehicle Operations Courses, EVOC) বর্তমানে ব্যবহৃত অফসাইট অবস্থানে হওয়া অব্যাহত থাকবে। ক্যাজেনোভিয়া অক্সিলারি একাডেমির প্রথম বেসিক স্কুল ক্লাস 2023 সালের অক্টোবরে শুরু হওয়ার কথা রয়েছে।

প্রার্থীরা joinstatepolice.ny.gov এ একজন নিউ ইয়র্ক স্টেট ট্রুপার হওয়ার ব্যাপারে আরো জানতে বা একটি পরীক্ষা দিতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট ট্রুপার (New York State Trooper) এন্ট্র্যান্স পরীক্ষার জন্য আবেদন গ্রহণ 1 জুলাই, 2023 শুরু হয়েছে এবং 1 অক্টোবর, 2023 পর্যন্ত ব্যক্তিরা পরীক্ষা দেওয়ার জন্য আবেদন করতে পারবে।পরীক্ষা দেওয়া আরো সহজ করতে অনুমোদিত পরীক্ষা কেন্দ্র থেকে অনলাইনে পরীক্ষা নেওয়া হচ্ছে।

স্টেট পুলিশ পিয়ারসন VUE (Pearson VUE) এর সাথে একটি চুক্তি করেছে, তারা নিউ ইয়র্ক স্টেটের 54টি পরীক্ষা কেন্দ্রে, মার্কিন যুক্তরাষ্ট্রের 280টির বেশি অবস্থানে, এবং সারা বিশ্বের 100টি সামরিক অবস্থানে ট্রুপার এন্ট্র্যান্স পরীক্ষা প্রদানের ব্যবস্থা করবে। কোথায় ও কখন পরীক্ষা প্রদান করা হবে তা প্রার্থীরা বাছাই করে নিতে পারবে। অনলাইন পরীক্ষার প্রক্রিয়াটি এটিকে ট্রুপার হতে আগ্রহী সকলের জন্য আরো সুবিধাজনক ও সহজলভ্য করবে।

পরীক্ষার জন্য অধ্যয়নের একটি নির্দেশনা এখানে উপলভ্য আছে।

সর্বনিম্ন পরীক্ষার যোগ্যতা:

- মার্কিন নাগরিক
- 20-34 বছর বয়স (সর্বোচ্চ 7 বছর পর্যন্ত প্রতিটি সক্রিয় সামরিক দায়িত্ব পালনের বছরের জন্য সর্বোচ্চ বয়স এক বছর করে বাড়ানো যেতে পারে)
- হাই স্কুল ডিপ্লোমা বা সমতুল

অন্যান্য আবশ্যিকতা সম্পর্কে এখানে জানা যাবে।

বেতন ও বেনিফিট:

- প্রারম্ভিক বেতন: 59,612 মার্কিন ডলার
- এক বছর পর: 84,331 মার্কিন ডলার
- সম্পূর্ণ বেনিফিট এবং অবসর

আরো সম্ভাব্য নারী ও সংখ্যালঘু প্রার্থীর কাছে পৌঁছানোর জন্য স্টেট পুলিশ এর নিয়োগ কর্মসূচির নকশা পরিবর্তন করেছে। এর মধ্যে রয়েছে ইতিবাচক দীর্ঘমেয়াদি সম্পর্ক গঠনের জন্য আইন শৃঙ্খলা বাহিনীতে স্বল্প প্রতিনিধিত্ব থাকা সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে বৈঠক করা। এছাড়াও স্টেট পুলিশ 30X30 প্রতিজ্ঞা গ্রহণ করেছে এবং 2030 সালের মধ্যে এর মহিলা নিয়োগের হার 30 শতাংশ বৃদ্ধি করার প্রতিশ্রুতি নিয়েছে। ইভেন্টসমূহে এবং এলাকাসমূহে নেটওয়ার্ক করার জন্য প্রতিটি ট্রুপে এজেন্সির নিয়োগ দল রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের মধ্যে বিভিন্ন ক্যারিয়ার পথ রয়েছে এবং সকল দক্ষতার জন্য অনেক সুযোগ রয়েছে, যেমন এর K-9 ইউনিট, পানির নিচের উদ্ধার দল (Underwater Recovery Team), এভিয়েশন (Aviation) এবং বিশেষ কর্মকাণ্ড সাড়াদান দল (Special Operations Response Team)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418